

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন জেলা কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী :-

সভাপতি	: ড. গাজী মোঃ সাইফুজ্জামান মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর
সভার স্থান	: সম্মেলন কক্ষ, যুব ভবন, ঢাকা
সভার তারিখ ও সময়	: ২৯ এপ্রিল ২০২৫, সকাল- ১০.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	: পরিশিষ্ট -ক

সভাপতি যুব উন্নয়ন অধিদপ্তরাধীন জেলা কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সবার কার্যক্রম শুরু করেন। অধিদপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ গজনবী খান আলোচ্যসূচি মোতাবেক সকল কার্যক্রম ধারাবাহিক ভাবে সভায় উপস্থাপন করেন।

০২। সহকারী পরিচালক (প্রশাসন) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ গজনবী খান বিভাগওয়ারী জেলা পর্যায়ের উপপরিচালকের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৫) প্রতিবেদনের অগ্রগতি পর্যালোচনা এবং দাখিলকৃত প্রতিবেদনের উপর সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও উপপরিচালক ময়মনসিংহ উল্লেখ করেন প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা ও প্রশিক্ষণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু এ বাবদ বরাদ্দ দেয়া হয়নি। বিষয়টি সদয় বিবেচনার জন্য তিনি অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) যেসকল জেলার অগ্রগতির প্রতিবেদনে কিছু ত্রুটি-বিচ্যুতি পাওয়া গিয়েছে সেগুলি ত্রুটিমুক্ত করে আপলোড করতে হবে। এ ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ যথাযথভাবে অনুসরণ করে প্রমাণকসহ ০২ (দুই) সপ্তাহের মধ্যে আপলোড করতে হবে।

(খ) ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা যথাসময়ের মধ্যে অর্জন করে প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং প্রতিবেদন কোয়ার্টার শেষ হবার পরবর্তী সপ্তাহের মধ্যে প্রধান কার্যালয়ে প্রশাসন শাখায় প্রমাণকসহ প্রেরণ করতে হবে।

- (গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর আওতায় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয় গুলো এজেন্ডাভুক্ত করে সভার আয়োজন করতে হবে।
- (ঘ) সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য আগামী অর্থ বছর থেকে শুদ্ধাচার খাতে বরাদ্দ প্রদানের জন্য পরিচালক (অর্থ) কে অনুরোধ করেন।
- ০৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন: ২২৩৩৮৯৩৮৯

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.০৬.০২২.২৪- ২০৬৮

তারিখঃ ২৭ বৈশাখ ১৪৩২  
৩০ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। যুগ্মসচিব (এপিএশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপপরিচালক, ----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল জেলা)।
- ০৫। কো-অর্ডিনেটর / ডেপুটি কো-অর্ডিনেটর, ..... (সকল) যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ০৬। প্রোগ্রামার (আইসিটি শাখা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জনাব----- (সংশ্লিষ্ট সকল), শুদ্ধাচার কমিটি।
- ০৮। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি।

  
(মোঃ পূর্ণাবী খান)

সহকারী পরিচালক (প্রশাসন)  
যুব উন্নয়ন অধিদপ্তর  
ফোনঃ ২২৩৩৮৭৭৭৩